# জানাজায় জনস্রোত, খালেদা জিয়ার প্রতি জনমানুষের গভীর টান: ফখরুল



সংগৃহীত ছবি

বিএনপি চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার জানাজায় বিপুল মানুষের উপস্থিতিকে তার প্রতি জনগণের গভীর ভালোবাসার প্রতিফলন হিসেবে দেখছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। বৃহস্পতিবার গুলশানে দলের রাজনৈতিক কার্যালয়ে সাংবাদিকদের সঙ্গে কথা বলেন তিনি।

তিনি বলেন, বাংলাদেশের রাজনীতিতে খালেদা জিয়া ছিলেন এক ব্যতিক্রমধর্মী নেতৃত্ব। নীতির প্রশ্নে আপসহীনতা, স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষায় দৃঢ় অবস্থান এবং গণতন্ত্র প্রতিষ্ঠায় দীর্ঘ লড়াই—এই বিষয়গুলোই তাকে সাধারণ মানুষের কাছে বিশেষভাবে গ্রহণযোগ্য করে তোলে।

দীর্ঘদিন অসুস্থ থাকার পরও দেশ ত্যাগ না করা এবং জনগণের সঙ্গে থাকার মনোভাব মানুষকে গভীরভাবে আলোড়িত করেছে বলে জানান মির্জা ফখরুল। দেশের সংকটময় সময়ে তার প্রয়াণে মানুষের আবেগ আরও তীব্র হয়ে ওঠে, যার প্রতিফলন জানাজায় জনস্রোতের মধ্য দিয়ে দেখা গেছে।

আগামী নির্বাচনে খালেদা জিয়ার অনুপস্থিতির প্রভাব প্রসঙ্গে বিএনপি মহাসচিব বলেন, বরং তার প্রয়াণকে ঘিরে মানুষের যে আবেগ ও দায়িত্ববোধ তৈরি হয়েছে, তা বাংলাদেশ জাতীয়তাবাদী দলকে আরও ঐক্যবদ্ধ ও শক্তিশালী করে তুলবে।

LENS ASIA